ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

09 AUG 1988

তারিখ ... পৃষ্ঠা ... কলাম

# কমিউনিটি স্কুল প্রকল্প: ১০ কোটি টাকা ব্যয়ের পর ভবিষ্যৎ অনিশ্চিত

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ৭ই আগস্ট।—দেশের দু শত উপজেলা সদরে প্রতিষ্ঠিত ৪শত কমিউনিটি স্কুল প্রকল্প বিলুপ্ত হতে বসেছে। ১০ কোটি টাকা ব্যয়ে ১৯৮১ সালে এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় কমিউনিটি স্কুল প্রকল্পের কাজ শুরু হয়েছিল। উক্ত প্রকল্পের অধীনে দেশের ৪ শত বিদ্যালয় পৃথক ওয়ার্কশপ ভবন নির্মাণ করা হয়।

লক্ষ্য অর্জনে ব্যর্থ হওয়ায় প্রকল্পগুলোর আওতায় নিয়োগ প্রাপ্ত সহস্রাধিক শিক্ষক শিক্ষিকার ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এই ওয়ার্কশপ ভবনগুলো নির্মাণ করতে ৪ বৎসর সময় লাগে। প্রাথমিক পর্যায়ে মহিলা কমিউনিটি স্কুলে সেলাই খাদ্য পরিপুষ্টি সংরক্ষণ ও প্রস্তুত বিভাগ এবং পুরুষ কমিউনিটি স্কুলে মেকানিক্যাল, সিভিল ও কৃষি বিভাগ খোলা হয়। চালু হতে না হতেই অজ্ঞাত কারণে কৃষি বিভাগ বন্ধ করে দেয়া হয়।

প্রকল্পের অধীনে ১২ জন করে শিক্ষার্থীকে ছয় মাস প্রশিক্ষণ দেয়া হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়েছিল প্রতিটি বিভাগে। এজন্যে উভয় স্কুলে অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হয়।

এই প্রকল্পে নিয়োগ প্রাপ্তদের মধ্যে রয়েছে ৬ শত সিভিল ও মেকানিক্যাল ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রিধারী, ভিটিআই প্রশিক্ষণ প্রাপ্ত দু শত শিক্ষক ও শতাধিক খাদ্য পরিপুষ্টি ও সেলাই প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকা এদের দু দফায় উচ্চতর প্রশিক্ষণ দেয়া হয়। কিন্তু নিয়োগ প্রাপ্তির পর তাদের বেতন ভাতা প্রাপ্তির ব্যাপারে অনিয়ম দেখা দেয়। ফলে অনিশ্চয়তার জন্যে চাকরি ছেড়ে চলে যায়। ফলে স্কুলগুলোর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে।